যায়যায়দিন
তারিখ 17 JUN 2007
পৃষ্ঠা ১৬ কলাম ৬

# ৬ থেকে ১০ বছর বয়সী ২৬ লাখ শিশু স্কুলের বাইরে

যাযাদি রিপোর্ট

প্রাথমিক ও গণশিক্ষা সচিব এম. মোশাররফ হোসেন ভূইয়া মিলেনিয়াম ডেভেলপমেন্ট গোল (এমডিজি)-২ বাস্তবায়নের জন্য ২০১৫ সালের মধ্যে দুই কোটি শিশুর প্রাইমারি স্কুলে উপস্থিতি নিশ্চিত করার আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, বাংলাদেশ সামাজিক খাতে বিশেষ করে শিক্ষায় ব্যাপক উন্নতি করেছে। কিন্তু এখনো পর্যন্ত ৬ থেকে ১০ বছর বয়সী প্রায় ২৬ লাখ শিশু স্কুলের বাইরে রয়েছে। এ লক্ষ্য বাস্তবায়নে তিনি সবাইকে সম্মিলিতভাবে কাজ করার আহ্বান জানান। গত শুক্রবার একটি টিভি চ্যানেলের এক অনুষ্ঠানে তিনি এ আহ্বান জানান।

পৃ২১ক৬

## ৬ থেকে ১০ বছর

*(শেষ পৃষ্ঠার পর)*

অনুষ্ঠানে বিশ্ব খাদ্য কর্মসূচির হেড অ্যাডভোকেসি ইউনিটের এম ইমামুল হক এবং আরডিআরএসের ইমরুল কায়েস মুনিরুজ্জামান উপস্থিত ছিলেন।